# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

৩৭.১৬.০০০০.০০৮.০৭.০০১.২০-০০১০, তারিখঃ ২৭/০৭/২০২০ খ্রিঃ।

***বোর্ডের আওতাধীন সকল পাবলিক পরীক্ষা সংক্রান্ত কাজের দায়িত্ব পালনকারী শিক্ষকবৃন্দের পারিশ্রমিক/ সম্মানীর টাকা সরাসরি সংশ্লিষ্ট শিক্ষকের সোনালী ব্যাংক হিসাব নম্বরে প্রেরণের লক্ষে মাত্র ১০০/-(একশত) টাকা জমা দিয়েই সোনালী ব্যাংকে হিসাব খোলা এবং জরুরি ভিত্তিতে ব্যাংক হিসাব নম্বর বোর্ডে প্রেরণ সংক্রান্ত***

## জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধান ও শিক্ষকবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নকারী প্রধান পরীক্ষক, পরীক্ষক, নিরীক্ষক, প্রশ্নপত্র সেটার-মডারেটর, আলিম ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরিণ ও বহিরাগত পরীক্ষকের দায়িত্বপালনকারী শিক্ষকবৃন্দের পারিশ্রমিক/ সম্মানীর টাকা বোর্ড কর্তৃক সরাসরি সংশ্লিষ্ট শিক্ষকের ব্যাংক হিসাব নম্বরে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এ লক্ষে বিগত ২৯/০৬/২০২০ তারিখে সোনালী ব্যাংক লিঃ কর্তৃপক্ষের সাথে বোর্ড কর্তৃক চুক্তি সম্পাদন করা হয়। সোনালী ব্যাংক কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক বেসরকারী মাদ্রাসার এমপিওভুক্ত যে কোন শিক্ষক নিম্নোক্ত সুবিধাপ্রাপ্ত হবেনঃ-

ক) এখন থেকে এমপিওভুক্ত যে কোন শিক্ষক ন্যূনতম ১০০/- (একশত) টাকা জমা দিয়েই সোনালী ব্যাংকের যে কোন শাখায় সঞ্চয়ী হিসাব খুলতে পারবেন।

খ) বোর্ডের পাবলিক পরীক্ষা সংক্রান্ত যে কোন কাজের দায়িত্বপালনের জন্য পারিশ্রমিক/সম্মানীর টাকা মাত্র ২০/- (কুড়ি) টাকার (ভ্যাট ব্যতিত) বিনিময়ে সংশ্লিষ্ট শিক্ষকের হিসাবে প্রেরণ করা যাবে।

সঙ্গতকারণেই ২০১৯ সালের জেডিসি এবং ২০২০ সালের দাখিল পরীক্ষাসহ পরবর্তীতে অনুষ্ঠেয় সকল পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন এবং অন্যান্য কাজের দায়িত্বপালনকারী সকল সম্মানিত শিক্ষকের পারিশ্রমিক/সম্মানীর টাকা শুধুমাত্র ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে। উক্ত পরীক্ষার পারিশ্রমিক বাবদ কোন চেক প্রিন্ট ও প্রেরণ করা হবে না।

সুতরাং ২০১৯ সালের জেডিসি এবং ২০২০ সালের দাখিল পরীক্ষার প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষক হিসেবে দায়িত্বপালনকারী যে সকল শিক্ষক সোনালী ব্যাংক এর ১৩ ডিজিট হিসাব নম্বরের তথ্য এখনো বোর্ডে প্রেরণ করেন নাই, তাদেরকে অবিলম্বে সোনালী ব্যাংকে সঞ্চয়ী হিসাব খুলে (যারা ইতোপূর্বে হিসাব খোলেননি) হিসাব নম্বরের তথ্য এতদসংগে সংযুক্ত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যারা ইতোপূর্বে সোনালী ব্যাংকে হিসাব খুলেছেন কিন্তু বোর্ডে পুর্নাঙ্গ ১৩ ডিজিটের তথ্য দেননি তাদেরকেও সংযুক্ত ছকে ১৩ ডিজিটের পুর্নাঙ্গ তথ্য পুনরায় প্রেরণ করতে হবে।

এমতাবস্থায় ২০১৮ সালের জেডিসি পরীক্ষার আংশিক বিলের টাকা, ২০১৯ সালের জেডিসি ও ২০২০ সালের দাখিল পরীক্ষা সংক্রান্ত কাজের পারিশ্রমিক/সম্মানীর টাকা প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকদের নিজ নিজ হিসাব নম্বরের প্রেরণের লক্ষ্যে এতদসংগে সংযুক্ত ছকে দায়িত্বপালনকারী সকল শিক্ষকের তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

29.07.2020

***(মোঃ সিদ্দিকুর রহমান)***
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮।

***অধ্যক্ষ/সুপার/প্রধান পরীক্ষক/পরীক্ষক/নিরীক্ষক/সেটার/মডারেটর***
***জেডিসি/দাখিল/আলিম পরীক্ষা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।***

27.7.2020

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সি.এফ.ও এন্ড জি.এম, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বি.এম.ই.বি শাখা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। প্রোগ্রামার,আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিসাব রক্ষণ কর্মকর্তা ও আইসিটি সেলের প্রোগ্রামার কে অনুরোধ করা হলো।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিভিন্ন পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নকারী প্রধান পরীক্ষক, পরীক্ষক, নিরীক্ষক এর তথ্য ফরমঃ

(১টি ছক ১জনের জন্য প্রযোজ্য হবে)

| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| পরীক্ষার নাম | পরীক্ষার বছর | দায়িত্ব পালনের ধরণ (প্রধান পরীক্ষক/পরীক্ষক/নিরীক্ষক | বিষয় কোড | বিষয়ের নাম | পরীক্ষক নিরী:/কোড | প্রধান পরীক্ষক কোড | মূল্যায়নকৃত উত্তরপত্রের সংখ্যা |
| জেডিসি | ২০১৮ | | | | | | |
| জেডিসি | ২০১৯ | | | | | | |
| দাখিল | ২০২০ | | | | | | |

*বি:দ্রঃ* ক) প্রধান পরীক্ষকগণ পরীক্ষক কোডের ঘরে (৫নং কলামে) নিজের কোড লিখবেন এবং প্রধান পরীক্ষক কোডের ঘরে (৬নং কলামে) পরবর্তী প্রধান পরীক্ষক কোড লিখবেন । অর্থ্যাৎ তিনি যদি নিজে প্রধান পরীক্ষক হন এবং তার কোড যদি ১৫০১ হয়, তাহলে তিনি ৫ নং কলামে পরীক্ষক কোডের ঘরে লিখবেন ১৫০১ এবং প্রধান পরীক্ষক কোডের ঘরে লিখবেন ১৫০২। উপরোক্ত ছকে যার জন্য যে পরীক্ষা প্রযোজ্য তিনি শুধু সেই ঘরের তথ্য পুরণ করবেন এবং অন্য ঘরে "প্রযোজ্য নয়" লিখবেন।

খ) নিরীক্ষকগণ পরীক্ষক কোডের ঘরে তাদের কোড ১৫০১/1 এবং ১৫০১/2 এভাবে লিখবেন। অর্থ্যাৎ তিনি যদি ১৫০১ নং প্রধান পরীক্ষকের অধিনে ১নং নিরীক্ষক হিসেবে কাজ করে থাকেন তাহলে তিনি পরীক্ষক/নিরীক্ষক কোডের ঘরে লিখবেন ১৫০১/১ এবং যদি ২নং নিরীক্ষক হিসেবে কাজ করে থাকেন তাহলে পরীক্ষক/নিরীক্ষক কোড লিখবেন ১৫০১/২ এবং প্রধান পরীক্ষকের ঘরে যথানিয়মে প্রধান পরীক্ষক কোড ১৫০১ লিখবেন।

৩ নং কলামে দায়িত্ব পালনের ধরণ লিখে পূরণ করতে হবে । টিক চিহ্ন দেয়া যাবে না । অর্থাৎ ৩ নং কলামে আপনি যে দায়িত্ব পালন করেছেন তা লিখে (প্রধান পরীক্ষক অথবা পরীক্ষক অথবা নিরীক্ষক) পূরণ করতে হবে।

## ব্যাংক হিসাবের তথ্য

(ইংরেজিতে পুরণ করতে হবে)

| NAME | MPO INDEX | MOBILE NO. ( 11 digit ) | BANK Branch Name | BANK DISTRICT | SONALI BANK ACCOUNT NUMBER (13 digit) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

তথ্য প্রদানকারী প্রধান পরীক্ষক/পরীক্ষক/নিরীক্ষক এর স্বাক্ষর ও তারিখঃ

<u>পূরণকৃত তথ্য ডাকযোগে ও ই-মেইলে পাঠানোর ঠিকানাঃ</u>

ডাকযোগে পাঠানোর ঠিকানাঃ

আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশি বাজার, ঢাকা-১২১১।

ই-মেইলে পাঠানোর ঠিকানা ঃ *info@bmeb.gov.bd*

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

গভঃ একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন
(সার্ভিসেস ডিপার্টমেন্ট)
প্রধান কার্যালয়
৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০, বাংলাদেশ।

দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

সূত্র নং-প্রকা/সহিসাডি/সাডি/মাদ্রাসাবোর্ড/ তারিখঃ ০৭ জুলাই, ২০২০

জেনারেল ম্যানেজার
স্থানীয় কার্যালয়/রমনা কর্পোরেট শাখা/বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস,
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সকল কর্পোরেট শাখা/ প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/সকল শাখা,
সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ।

ই-মেইল

**১০০.০০ (একশত) টাকা জমা নিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা শিক্ষকদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।**

**মহোদয়,**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি/সম্মানী শিক্ষকদের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধের নিমিত্ত এ ব্যাংক ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর মধ্যে বিগত ২৯ জুন, ২০২০ তারিখে একটি চুক্তি সম্পাদিত হয়েছে। সম্পাদিত চুক্তির আওতায়-

(ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনের পাবলিক পরীক্ষার (জেডিসি, দাখিল, আলিম ইত্যাদি) উত্তরপত্র মূল্যায়নকারী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাজের দায়িত্ব পালনকারী সরকারি ও বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের প্রাপ্য পারিশ্রমিকের টাকা গ্রহণার্থে শিক্ষকগণ এ ব্যাংকের যে কোনো শাখায় ন্যূনতম ১০০.০০ (একশত) টাকা জমাদানের মাধ্যমে সঞ্চয়ী হিসাব খুলতে পারবেন;

(খ) সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড শাখা, ঢাকা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনস্থ সরকারি ও বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের পারিশ্রমিকের টাকা ২০ (বিশ) টাকা সার্ভিস চার্জ (Excluding VAT) এর বিনিময়ে তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করবে।

২.০০ এক্ষণে, উক্ত চুক্তির আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আয়তাধীন সকল সরকারি ও বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের এ ব্যাংকের যে কোন শাখায় ন্যূনতম ১০০.০০ (একশত) টাকা জমা নিয়ে হিসাব খোলার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো। তবে, হিসাব খোলার পূর্বে মাদ্রাসা শিক্ষক হিসেবে এমপিওভুক্তির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি শাখা কর্তৃক সংরক্ষণ করতে হবে।

৩.০০ হিসাব খোলা সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত
স্বা/-
(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হলোঃ

১. সেক্রেটারী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. ডেপুটি জেনারেল ম্যানেজার, ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা। CBS -এ প্রয়োজনীয় কাস্টমাইজেশনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড শাখা, ঢাকা। চুক্তির আলোকে (কপি সংযুক্ত) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনস্থ সরকারি ও বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের পারিশ্রমিকের টাকা ২০ (বিশ) টাকা সার্ভিস চার্জ (Excluding VAT) এর বিনিময়ে তাদের ব্যাংক হিসাবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সার্ভিস চার্জ শিক্ষকদের প্রাপ্ত পারিশ্রমিক থেকে সমন্বয় করতে হবে।

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি জেনারেল ম্যানেজার